

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

পিএসডি সার্কুলার লেটার নং: ০২/২০১৯

তারিখ: ০২ মে ২০১৯
১৯ বৈশাখ ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) এবং
পেমেন্ট সার্ভিসেস প্রোভাইডার (পিএসপি) প্রতিষ্ঠানসমূহ
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**নতুন গ্রাহক রেজিস্ট্রেশন হওয়ার পর KYC অনুমোদন প্রক্রিয়াধীন থাকা অবস্থায়
এয়ারটাইম ক্রেয় ও অননুমোদিত KYC সম্পন্ন গ্রাহকের Cash In কৃত অর্থ ফেরত প্রদান প্রসঙ্গে।**

নতুন রেজিস্ট্রেশনকৃত গ্রাহকের ক্যাশ-ইন এবং উক্ত ক্যাশ-ইনকৃত অর্থ দিয়ে এয়ারটাইম ক্রেয়ের ক্ষেত্রে নিম্নোক্ত পরামর্শ
প্রদান করা যাচ্ছে:

- (১) নতুন গ্রাহক রেজিস্ট্রেশনের পর কেওয়াইসি যাচাইবাছাই এবং অনুমোদনের পূর্ব পর্যন্ত গ্রাহক চাইলে শুধুমাত্র
ক্যাশ-ইন এবং উক্ত ক্যাশ-ইনকৃত অর্থের মাধ্যমে সর্বোচ্চ ৫০০.০০ (পাঁচ শত) টাকা পর্যন্ত এয়ারটাইম ক্রেয় করতে
পারবেন। এর বাইরে কোন ধরণের লেনদেন করতে পারবেন না;
- (২) গ্রাহকের কেওয়াইসি-এর (KYC) অনুমোদন না হলে অর্থাৎ রেজিস্ট্রেশন বাতিল করা হলে গ্রাহক স্বার্থ অক্ষুন্ন
রেখে ক্যাশ-ইন কৃত অর্থ গ্রাহককে ফেরৎ প্রদানের জন্য নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে:
 - (ক) সকল এমএফএস প্রোভাইডার-কে স্ব স্ব গ্রাহক সেবা কেন্দ্রের মাধ্যমে গ্রাহকের জমাকৃত অর্থ নগদ
উত্তোলন করার সুযোগ রাখতে হবে;
 - (খ) এমএফএস ব্যতীত অন্য সকল পিএসপি-কে গ্রাহকের সংযুক্ত ব্যাংক হিসাবের মাধ্যমে জমাকৃত অর্থ
ফেরৎ প্রদানের সুযোগ রাখতে হবে।

ধন্যবাদান্তে;



(মুহম্মদ বদিউজ্জামান দিদার)

উপমহাব্যবস্থাপক

ফোন: ০২৯৫৩০৬১১

ই-মেইল: badiuzzaman.dider@bb.org.bd